

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৪২.০১১.০২.০০.১২৭.২০১১.১১২


তারিখঃ ১৬ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কক্সবাজার জেলা পরিষদে সাংগঠনিক কাঠামো বহির্ভূত পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্রঃ কক্সবাজার জেলা পরিষদের স্মারক নং-জেপ/কক্সঃ/এগার-০২/২০১৭/৪১৪, তারিখঃ ৮/১১/২০১৭।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, কক্সবাজার জেলা পরিষদ কর্তৃক সদর উপজেলাধীন ঈদগাহ ইউনিয়নে নির্মিত পাবলিক লাইব্রেরীর জন্য সাংগঠনিক কাঠামো বহির্ভূত ১ (এক) জন নিরাপত্তা প্রহরী নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো :

- ১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (দৈনিক মজুরী ভিত্তিতে) এ নিয়োগ করতে হবে।
- ২) এ নিয়োগের সাথে নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবে না এবং নিয়োজিত কর্মচারী নিয়মিত নিয়োগের জন্য দাবী করতে পারবেনা।
- ৩) জেলা পরিষদ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে।
- ৪) দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে পারিশ্রমিক প্রদান করা হবে। কাজে অনুপস্থিত থাকলে কোন মজুরী দেয়া যাবে না।
- ৫) এই ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে ৬ মাস পর্যন্ত বলবৎ থাকবে।


২২/০১/১৮
(আনজুমান আরা)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কক্সবাজার।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।